

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৬১

আগরতলা, ৮ জুন, ২০২৪

রামোজি গুপের প্রধান রামোজি রাওয়ের প্রয়াণে রাজ্যপালের শোক

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাগ্নু আজ রামোজি গুপের প্রধান রামোজি রাওয়ের প্রয়াণে গভীর শোক প্রকাশ করেছেন। শোকবার্তায় রাজ্যপাল বলেন, ‘রামোজি রাওয়ের মৃত্যুতে আমি গভীরভাবে মর্মান্বিত। তিনি ৮৮ বছর বয়সে শেষ নিশ্বাস ত্যাগ করেন। রামোজি রাও ১৯৩৬ সালের ১৬ নভেম্বর কৃষ্ণা জেলার পেদাপারুপুদিতে জন্মগ্রহণ করেন। আমার সাথে তাঁর গভীর সম্পর্ক ছিল। আমি মালাকপেটা বিধানসভা কেন্দ্রের বিধায়ক থাকাকালীন রামোজি রাওয়ের সাথে প্রায়শই দেখা করতাম। রামোজি রাও মালাকপেটা অঞ্চলে রামোজি ফিল্মসিটি স্থাপনের মাধ্যমে সংশ্লিষ্ট এলাকার উন্নয়নে এক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। তাঁর প্রয়াণ বিরাট ক্ষতি।’

শোকবার্তায় রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাগ্নু রামোজি রাওয়ের মৃত্যুতে তাঁর পরিবার পরিজনের প্রতি সমবেদনা জানান ও রামোজি রাওয়ের আত্মার শান্তি কামনা করেন।
